148

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 25 1999 ..
পৃষ্ঠা ৮ কলাম ৮ ...

# ইসলামী ছাত্র শিবিরের ২২ বছর পূর্তি উপলক্ষে কর্মী সম্মেলন

চট্টগ্রাম অফিস ।। ইসলামী ছাত্র-শিবিরের ২২ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বলা হয়, শিবিরকে আজ সিদ্ধান্ত নিতে হইবে এদেশে ইসলাম বিরোধী কর্মকাণ্ড, অন্যায়, অপরাধ ও নারী নির্যাতন চলিতে থাকিবে নাকি এইসবের মূলোৎপাটন করা হইবে।

গত বুধবার প্যারেড ময়দানে মহানগর শাখা ছাত্রশিবির আয়োজিত এই সম্মেলনে প্রধান অতিথি ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মতিউর রহমান আকন্দ। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, নগর বিএনপি'র সভাপতি মীর মোহাম্মদ নাছির উদ্দিন, নগর জামায়াতের আমীর অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ আবু তাহের, ডাঃ সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের, অধ্যাপক চৌধুরী মাহমুদুল হাসান, মোহাম্মদ সাইফুর রহমান প্রমুখ। সম্মেলনে বলা হয়, দেশের উন্নয়নে শিবিরকে আগাইয়া আসিতেহইবে। মহানগরী সভাপতি এটিএম মিছবাহুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধন করেন শহীদ মোশাররফের পিতা কাজী শামসুল হুদা। পরে একটি মিছিল বাহির করা হয়।